

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

প্রসিদ্ধ কুরায়েশ বন্দীদের কয়েকজন (بعض الأسارى من سادات قریش)

(১) বনু হাশেম গোত্র থেকে রাসূল (ছাঃ)-এর চাচা আববাস বিন আবুল মুত্ত্বালিব। (২) চাচাতো ভাই 'আকীল বিন আবু ত্বালিব (৩) নওফাল বিন হারেছ বিন আবুল মুত্ত্বালিব (৪) বনু 'আব্দে শাম্স গোত্রের আমর বিন আবু সুফিয়ান (৫) রাসূল (ছাঃ)-এর জামাতা 'আব্দে শামস গোত্রের আবুল 'আছ বিন রবী'। ইনি যয়নাবের স্বামী ছিলেন। তার বিনিময় মূল্য হিসাবে বিবাহকালে খাদীজা (রাঃ)-এর দেওয়া কণ্ঠহার দেখে রাসূল (ছাঃ) অশ্রুসিক্ত হয়ে পড়েন। পরে তাঁকে যয়নাবকে ফেরত দেওয়ার শর্তে কোনরূপ বিনিময় মূল্য ছাড়াই মুক্তি দেওয়া হয় (ইবনু হিশাম ১/৬৫২-৫৩)। (৬) বনু জুমাহ গোত্রের আমর বিন উবাই বিন খালাফ (ইবনু হিশাম ২/৩-৮)। ইবনু হিশাম তার তালিকায় আববাস বিন আবুল মুত্ত্বালিবের নাম দেননি। কারণ তিনি আগে থেকেই 'মুসলিম' ছিলেন। কিন্তু সম্প্রদায়ের ভয়ে তাঁর ইসলাম গোপন রেখেছিলেন (ইবনু হিশাম ২/৩-টীকা)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5414

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন